

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৮.২০১৮-৯৭

তারিখঃ ১৬.০১.২০১৯ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ মোঃ মশিউল আলম (৩৫১০০), তত্ত্বাবধায়ক (উপপরিচালক), ২৫০ শয্যা মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত) মাননীয় মন্ত্রীর বগুড়া সফরকালে কর্মস্থলে উপস্থিত পাওয়া যায়নি। তাছাড়া আপনি প্রায়শঃ কর্মস্থলে অনুপস্থিত থাকেন মর্মে অভিযোগের ভিত্তিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও (গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ১৬.০৮.২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৮.২০১৮-২৯৯ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ-দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং এর বিরুদ্ধে আনীত "প্রায়শঃই কর্মস্থলে অনুপস্থিতির" অভিযোগ তদন্তে প্রমানিত হয়নি;


যেহেতু, মাননীয় মন্ত্রীর সফরকালীন সময়ে ডাঃ মশিউল আলম (৩৫১০০) এর শেরপুরে অবস্থান করা উচিত ছিল এবং এটা শিষ্টাচারের অংশ। যেহেতু তার প্রথম অপরাধ এবং আগামী ১৪/০১/২০১৯ তারিখে তিনি অবসরগোর ছুটিতে যাবেন, সেহেতু মানবিক দিক এবং অপরাধের গুরুত্ব বিবেচনা করে তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হয়;

যেহেতু 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হয়নি, সেহেতু অভিযুক্ত ডাঃ মশিউল আলম (৩৫১০০) কে 'পলায়ন' এর অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হয়;

সেহেতু, ডাঃ মোঃ মশিউল আলম (৩৫১০০), তত্ত্বাবধায়ক (উপপরিচালক), ২৫০ শয্যা মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত) এর বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদানপূর্বক বিভাগীয় মামলা নিষ্পত্তি করা হল। একইসাথে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের পার-২ অধিশাখার ২৫.০৪.২০১৮ তারিখের ৪৫.১৪৩.০১৯.০৩.০০.০০১.২০১৭-২৩৯ নম্বর প্রজ্ঞাপনে তার সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো এবং তার সাময়িক বরখাস্তকালীন সময়কে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ আসাদুল ইসলাম)

সচিব

তারিখঃ ১৬.০১.২০১৯ খ্রিঃ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৬৮.২০১৮-৯৭/১(৩)

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা সিতে সংরক্ষণ করার জন্য)।
- ৩। যুগ্মসচিব (পার-২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। উপপরিচালক (শৃঙ্খলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শৃঙ্খলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো]
- ৭। সিভিল সার্জন, বগুড়া।
- ৮। তত্ত্বাবধায়ক, ২৫০ শয্যা মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। ডাঃ মোঃ মশিউল আলম (৩৫১০০), তত্ত্বাবধায়ক (উপপরিচালক), ২৫০ শয্যা মোহাম্মদ আলী হাসপাতাল, বগুড়া (বর্তমানে সাময়িকভাবে বরখাস্তকৃত)



উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
শুঞ্জলা অধিশাখা  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৮-০৮

তারিখঃ ১৩.১০.২০১৯ খ্রিঃ

আদেশ

যেহেতু, ডাঃ রওনক জাহান উর্মি (১২২৭২৫), বায়োকমিষ্ট, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা গত ০৮/১১/২০১৬ হতে অদ্যাবধি অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০২.০৭.২০১৮ তারিখে ৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৮-২২১ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিস জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করেন;

যেহেতু, তার জবাব পরীক্ষান্তে বিধান অনুযায়ী তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;


যেহেতু, ডাঃ রওনক জাহান উর্মি (১২২৭২৫) বিগত ০৯/০৮/২০১৬ তারিখে ০৩ (তিন) মাসের ছুটি নিয়ে তার স্বামীর কমাশিয়াল কাউন্সিলার হিসেবে বাংলাদেশ দূতাবাস, মিয়ানমারে পদায়ন হওয়ায় কারণে মিয়ানমারে গমন করেন। পরবর্তীতে তিনি আবার ছুটি বৃদ্ধির আবেদন করলে যেহেতু তার চাকরি স্থায়ীকরণ হয়নি সেহেতু ছুটি মঞ্জুর সম্ভব নয়, বিষয়টি স্বাস্থ্য সেবা বিভাগ থেকে বেশ কিছুদিন পর তাকে মৌখিকভাবে জানানো হয়। এক্ষেত্রে তিনি যথাযথ কতৃপক্ষের অনুমতি নিয়ে ছুটিতে যেতে পারতেন। সার্বিক বিবেচনায়, বিগত ০৮/১১/২০১৬ তারিখ হতে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিতির বিষয়টি প্রমাণিত হয়েছে;

যেহেতু, পরবর্তীতে বিগত ১৩/০২/২০১৮ তারিখে ৮৯ নম্বর স্মারকে তার চাকুরী স্থায়ী (কনফার্ম) করা হয়;

যেহেতু, ডাঃ রওনক জাহান উর্মি (১২২৭২৫) ব্যক্তিগত শুনানীতে তিনি অন্তঃসত্ত্বা এবং তার শারীরিক অবস্থা ভাল নেই বলে জানান;

সেহেতু, ডাঃ রওনক জাহান উর্মি (১২২৭২৫), বায়োকমিষ্ট, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, তার শারীরিক অবস্থা বিবেচনায়, ছুটির আবেদন নামঞ্জুর হওয়ার বিষয়ে যথাসময়ে অবগত হতে না পারা এবং যেহেতু তার প্রথম অপরাধ সেহেতু মানবিক কারণে তাকে এবারের মত সতর্ক করে বিভাগীয় মামলা হতে অব্যাহতি প্রদান করা হলো। তার অনুপস্থিতকালীন সময় ০৮/১১/২০১৬ হতে ০৯/০১/২০১৯ পর্যন্ত সময় মোট ০২ (দুই) বছর ০২ (দুই) মাস ০১ (এক) দিন অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হলো এবং ডাঃ রওনক জাহান উর্মি (১২২৭২৫) কে পরবর্তী পদায়নের জন্য পার-৩ অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগে ন্যস্ত করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

  
(মোঃ আসাদুল ইসলাম)

সচিব

তারিখঃ ১৩.১০.২০১৯ খ্রিঃ

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০২৯.২০১৮-০৮/১(১০)

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপসচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। পরিচালক, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা।
- ৫। উপপরিচালক (শুঞ্জলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৯। সিনিয়র তথ্য কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১০। ডাঃ রওনক জাহান উর্মি (১২২৭২৫), বায়োকমিষ্ট, শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা (স্থায়ী ঠিকানাঃ পিতা-খন্দকার সাহেব আলী, গ্রাম-দোসতিনা, পোঃ গাংনালিয়া, থানা-শ্রীপুর, জেলা-মাগুরা)।

  
(শামীমা হোসেন)

উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮